

সাজেকে আটকা কয়েকশ পর্যটক

- A Monitor Desk Report

Date: 06 August, 2025



রাঙামাটি: জেলার বাঘাইছড়ি উপজেলার সাজেক ভ্যালিতে টানা ভারী বৃষ্টি ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলের কারণে মাচালং বাজার সংলগ্ন সাজেক সড়ক পানিতে তলিয়ে গেছে। ফলে পর্যটন শহর সাজেকের সঙ্গে সড়ক যোগাযোগ বন্ধ হয়ে পড়েছে।

মঙ্গলবার (৫ আগস্ট) দুপুর থেকে সাজেক-খাগড়াছড়ি সড়কে যান চলাচল সম্পূর্ণরূপে বন্ধ রয়েছে। এতে সাজেকে অবস্থানরত কয়েক শতাধিক পর্যটক আটকে পড়েছেন।

স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সহায়তায় বিকল্প উপায়ে পর্যটকদের পারাপার করা হচ্ছে। বাঁশের ভেলা ও নৌকার সাহায্যে অনেক পর্যটক নদী পার হচ্ছেন। তবে যারা ব্যক্তিগত গাড়ি নিয়ে সাজেকে ভ্রমণে গেছেন, তাদেরকে সড়কের পানি না সরা পর্যন্ত অপেক্ষা করতে হচ্ছে।

সাজেক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অতুলাল চাকমা বলেন, “সড়কের উপর প্রায় ৫ থেকে ৬ ফুট পানি উঠে গেছে। এই অবস্থায় গাড়ি চলাচল একেবারেই অসম্ভব।”

বাঘাইছড়ি উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শিরিন আকতার বলেন, “আটকে পড়া অনেক পর্যটক ইতোমধ্যে নৌকা বা বাঁশের ভেলায় করে পার হয়েছেন। যারা গাড়ি নিয়ে এসেছেন তারা আপাতত সাজেকেই অবস্থান করছেন। পানি নামলে সড়কে স্বাভাবিক যান চলাচল শুরু হবে।”

-B